প্রধান সংকেত ও টেলিযোগাযোগ প্রকৌশলী (টেলিকম)
বাংলাদেশ রেলওয়ে
রেলভবন, ঢাকা।

বিষয়ঃ বাংলাদেশ রেলওয়ের ২০২৩-২০২৪ অর্থবছরের ইনোভেশন টিমের ২য় সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতিঃ | মো: আরিফুজ্জামান<br>অতিরিক্ত মহাপরিচালক (অবকাঠামো) ও চীফ ইনোভেশন অফিসার<br>বাংলাদেশ রেলওয়ে। |
| তারিখঃ | ১২ মার্চ ২০২৪। |
| সময়ঃ | বেলা ০৯:৩০ ঘটিকায়। |
| স্থানঃ | রেলভবনস্থ ৭ম তলার সভাকক্ষ (কক্ষ নং ৮২৫) |
| উপস্থিতিঃ | পরিশিষ্ট 'ক'। |

সভার শুরুতে উপস্থিত সকল কর্মকর্তাগণকে স্বাগত জানিয়ে সভাপতি সভা শুরু করেন। সভাপতি সিএসটিই/টেলিকম কে বাংলাদেশ রেলওয়ের ২০২৩-২০২৪ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা এর কর্মসম্পাদন সূচকসমূহ নিয়ে আলোচনা আরম্ভ করতে বলেন।

০২। সভাপতির অনুরোধে ইনোভেশন টিমের সদস্য জনাব সৈয়দ মো: শাহিদুজ্জামান, সিএসটিই (টেলিকম) (অ:দা:) উল্লেখিত বিষয়ে কর্মপরিকল্পনা সভায় উপস্থাপন করেন। তিনি উক্ত কর্মপরিকল্পনার আলোকে উদ্ভাবনী ধারণা উপস্থাপনের জন্য সংশ্লিষ্ট সকল কর্মকর্তাগণকে অনুরোধ করেন। এছাড়া তিনি কর্মপরিকল্পনার সূচক ৪.১ অনুসারে বাংলাদেশ রেলওয়ে রেলভবনস্থ সকল দপ্তরে ডি-ফাইলে ৮০% নোট নিষ্পত্তি করার নিমিত্ত সকল কে আহবান করেন। স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ উপস্থাপনের জন্য পরবর্তীতে তিনি উপপরিচালক (টেলিকম) কে অনুরোধ জানান।

০৩। উপপরিচালক (টেলিকম) জনাব রেজওয়ানা হোসেন স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক স্বল্পমেয়াদী, মধ্যমেয়াদী ও দীর্ঘমেয়াদী কর্মপরিকল্পনা প্রণয়ন করার নিমিত্ত সকল কে আহবান করেন এবং কর্মপরিকল্পনা সূচকসমূহ নিয়ে আলোচনা করেন স্বল্পমেয়াদী পরিকল্পনায় স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক দুইটি জোনে এবং রেলভবনে কমিটি (মনিটরিং সেল) গঠন ও কর্মকর্তা/কর্মচারীদের মধ্যে স্মার্ট বাংলাদেশ বিনির্মাণের লক্ষ্যে সচেতনতা তৈরী, সভা আয়োজন, কর্মশালা আয়োজন, ইনোভেশন আইডিয়া পরিদর্শন, চিহ্নিতকরণ, বাস্তবায়ন ইত্যাদি বিষয়ে আলোচনা করেন।

০৪। অতঃপর সভায় উপস্থাপিত ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ বাস্তবায়নের লক্ষ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

| ক্র: | কার্যক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১. | [৬.১.২] স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক কর্মপরিকল্পনা প্রণয়ন করা। | ইনোভেশন টিম স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক কর্মপরিকল্পনা সূচকগুলো নিয়ে আলোচনা করেন এবং এর প্রয়োজনীয়তা উল্লেখ করেন। | স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক কর্মপরিকল্পনা আগামী ২৫.০৩.২০২৪ তারিখের মধ্যে রেলপথ মন্ত্রণালয় প্রেরণ করতে হবে। | সিএসটিই (টেলিকম) |
| ২. | [৩.১] ইনোভেশন শোকেসিং | ইনোভেশন শোকেসিং এর জন্য ঢাকাস্থ রেলওয়ে অফিসার্স ক্লাবে সকল দপ্তর কর্তৃক প্রেরিত উদ্ভাবনী ধারণাসমূহ নিয়ে একটি শোকেসিং/মেলা | উদ্ভাবনী ধারণাসমূহ পাওয়া গেলে দিনব্যাপী একটি স্টলভিত্তিক উদ্ভাবনী ধারণাসমূহ শোকেসিং করার ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ইনোভেশন টিম<br>ও<br>সিএসটিই (টেলিকম) |

| | | | | |
|---|---|---|---|---|
| | | আয়োজন করার এর লক্ষ্যে ইতোমধ্যে উভয়াঞ্চলে এবং বিভাগীয় অফিসসমূহে উদ্ভাবনী ধারণা প্রেরণের জন্য পত্র প্রেরণ করা হয়। | উপরন্তু শ্রেষ্ঠ ধারণাকে পুরস্কৃত করার জন্য ব্যবস্থা নিতে হবে। | |
| ৩. | [৪.১] ই-নথির ব্যবহার বৃদ্ধি | বাংলাদেশ রেলওয়ের রেলভবনস্থ সকল দপ্তরে ডি-ফাইলে ৮০% নোট নিষ্পত্তি করার নির্দেশনা রয়েছে। তাই সকল দপ্তরে ডি-ফাইলিং বাস্তবায়নের জন্য ইতোমধ্যে সকল দপ্তরে পত্র প্রেরণ করা হয়েছে এবং রেলভবনস্থ সকল কর্মকর্তাদের নিয়ে সভা আয়োজন করা হয়েছে। | ইনোভেশন টিম কর্তৃক স্ব স্ব দপ্তরে ডি নথি চালু করার উদ্যোগ গ্রহণ করতে হবে। | ইনোভেশন টিম |

০৪। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৫/০৩/২০২৪
(মো: আরিফুজ্জামান)
অতিরিক্ত মহাপরিচালক (অবকাঠামো)
ও
চীফ ইনোভেশন অফিসার
বাংলাদেশ রেলওয়ে
রেলভবন,ঢাকা

স্মারক নং: ৫৪.০১.০০০০.৫০২.৩২.০০১.২৩ - ৫৮৪ তারিখ: .০৩.২০২৪ খ্রি:

বিতরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সিএসটিই(টেলিকম), বাংলাদেশ রেলওয়ে,রেলভবন, ঢাকা।
২। জেডিজি(অপারেশন),বাংলাদেশ রেলওয়ে,রেলভবন, ঢাকা।
৩। জেডিজি(মেক), বাংলাদেশ রেলওয়ে,রেলভবন, ঢাকা।
৪। জেডিজি(ইঞ্জিনিয়ারিং),বাংলাদেশ রেলওয়ে,রেলভবন, ঢাকা।
৫। পরিচালক(ট্রাফিক-পরিবহন), বাংলাদেশ রেলওয়ে,রেলভবন, ঢাকা।
৬। উপপরিচালক(টেলিকম), বাংলাদেশ রেলওয়ে,রেলভবন, ঢাকা।

সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ
১। মহাপরিচালক এর একান্ত সচিব, বাংলাদেশ রেলওয়ে,রেলভবন, ঢাকা।

২৫.০৩.২৪
(রেজওয়ানা হোসেন)
উপপরিচালক (টেলিকম)
বাংলাদেশ রেলওয়ে,
রেলভবন,ঢাকা।